গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
হাজীগঞ্জ, চাঁদপুর।
website:health.hajiganj.chandpur.gov.bd

স্মারক নং-স্বাস্থ্য/হাজীঃ/চাঁদ/২০২৬/ তারিখঃ / /২০২৬ খ্রিঃ

# নিলাম বিজ্ঞপ্তি

সর্ব-সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন বিভাগের পুরাতন/অকেজো/নষ্ট জিনিসপত্র/লোহার খাট, স্টীলের বিভিন্ন যন্ত্রপাতি ইত্যাদি মালামাল যেখানে যে অবস্থায় রক্ষিত আছে (তালিকা অনুযায়ী) তাহা নিলামে ক্রয়ের জন্য আগ্রহী প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদার/ক্রয়কারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে আগামী ২৩/৮/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১২ ঘটিকা পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে নিলাম দরপত্র সিডিউল বিক্রয় করা হবে। সিডিউলের মূল্য ৫০০/-টাকা মাত্র (অফেরতযোগ্য)। অফিস চলাকালীন সময়ে দরপত্রের মূল্য ট্রেজারী চালানের মাধ্যমে প্রতিষ্ঠান কোড নং-১২৭০২০১১১০৫১৪ এবং অর্থনেতিক কোড নং ১৪২২৩২৮ তে সোনালী ব্যাংক, আলীগঞ্জ শাখা, জেলা- চাঁদপুর এ জমা প্রদানপূর্বক উহার অনলাইন কপি জমা দিয়া দরপত্র ক্রয় করা যাবে। নিলাম দরপত্র আগামী ৩০/০৮/২০২৬ খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত অত্র হাসপাতালের রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর দরপত্রের সিডিউল কোনক্রমেই বিক্রয় ও গ্রহণ করা যাবে না। ঐদিন (অর্থাৎ ৩০/৮/২০২৬ তারিখ দুপুর ১.০০ ঘটিকার সময় নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র কমিটি কর্তৃক দরপত্র খোলা ও যাচাই করা হবে। দরপত্র বাক্স খোলার সময় ইচ্ছা করলে দরপত্রদাতাগণ বা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

"শর্তাবলী„

১) নিলামে অংশগ্রহণকারীকে অবশ্যই ১০০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে দরপত্রের সঙ্গে সংযুক্ত করে দাখিল করতে হবে।

২) সর্বোচ্চ নিলাম দরদাতাদের দর গ্রহণ করা হবে। সর্বোচ্চ দরদাতার সর্বমোট টাকার ৫% অতিরিক্ত আয়কর হিসাবে এবং অতিরিক্ত ১৫% হারে ভ্যাট জমা দিতে হবে। অন্যথায় উক্ত সর্বোচ্চ নিলাম দর বাতিল বলে গণ্য হবে।

৩) সর্বোচ্চ দর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত মালামাল বুঝিয়ে দেয়া হবে না।

৪) নিলাম দরপত্রে অংশগ্রহণকারীগণ নিম্ন-স্বাক্ষরকারীর অফিসের সহিত যোগাযোগ করে মালামাল সরেজমিনে দেখে নিতে পারবেন। দরপত্র গ্রহণের পর কোন প্রকার ওজর আপত্তি গ্রহণ করা হবে না।

৫) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ দর গ্রহণ করা এবং না করার ক্ষমতা সংরক্ষণ করেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন না হলে জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত দেয়া হবে।

৬) দরপত্রের সহিত নিম্ন উল্লেখিত কাগজপত্র আবশ্যিকভাবে দাখিল করিতে হবে, অন্যথায় কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল বলে গন্য হবে।

ক। ট্রেড লাইসেন্স (২০২৬-২০২৭) অর্থবছর -১ কপি (সত্যায়িত)
খ। TIN সার্টিফিকেট -১ কপি (সত্যায়িত)
গ। BIN সার্টিফিকেট -১ কপি (সত্যায়িত)
ঘ। আয়কর প্রত্যয়ন পত্র ২০২৫-২০২৬ অর্থবছর। (রশিদ সহ) -১ কপি (সত্যায়িত)
ঙ। জাতীয় পরিচয়পত্র -১ কপি (সত্যায়িত)
চ। পাসপোর্ট সাইজ ছবি -১ কপি (সত্যায়িত)

(ডা. আহমেদ তানভীর হাসান)
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
হাজীগঞ্জ, চাঁদপুর।
ই-মেইল- hajiganj@uhfpo.dghs.gov.bd
মোবাইল নং- ০১৭০১-২৪৮৪০৬

স্মারক নং-স্বাস্থ্য/হাজীঃ/চাঁদ/২০২৬/ তারিখঃ / /২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

০১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগস্বাস্থ্য ও পরিবার কল্যাণ , মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ যুগ্ন-সচিব (প্রশাসন)
০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। সিভিল সার্জন, চাঁদপুর।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।
০৬। উপজেলা...............................কর্মকর্তা (সকল), হাজীগঞ্জ, চাঁদপুর।
০৭। অফিসার ইনচার্জ, হাজীগঞ্জ, চাঁদপুর।
০৮। আবাসিক মেডিকেল অফিসার, অত্র স্বাস্থ্য কমপ্লেক্স।
০৯। হিসাবরক্ষক/স্টোর কিপার, অত্র স্বাস্থ্য কমপ্লেক্স।
১০। মেসার্স/জনাব.................................... ।
১১। অফিস নথি
১২। নোটিশ বোর্ড।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,
হাজীগঞ্জ, চাঁদপুর।